

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-14

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) সংস্কৃত নাট্যসাহিত্যে কালিদাসের অবদান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

অথবা

(খ) বাণভট্টের রচনা অবলম্বনে তাঁর শ্রষ্টা প্রতিভার পরিচয় দাও। ১০

২। (ক) ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের প্রতিনিধি স্থানীয় কবি হিসাবে ওয়ার্ডসওয়ার্থ-এর মূল্যায়ন করো। ১০

অথবা

(খ) ইংরেজি ঐতিহাসিক উপন্যাস রচনায় স্যার ওয়ালটার স্কটের কৃতিত্ব বিচার করো। ১০

৩। (ক) “হিন্দি সাহিত্যে, নাট্যকার হিসাবে ভারতেন্দু হরিশ্চন্দ্র বিশেষ কৃতিত্বের দাবি রাখেন।”— মন্তব্যটির আলোকে ভারতেন্দু হরিশ্চন্দ্রের নাট্যরচনার মূল্যায়ন করো। ১০

অথবা

(খ) হিন্দি সাহিত্যে ‘নিরাল্লা’ শব্দটি কোন লেখকের নামের সঙ্গে যুক্ত হয়ে আছে? তাঁর কাব্যপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৯

৪। (ক) ‘মেঘদূত’ কাব্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

অথবা

(খ) ভবভূতি রচিত একটি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৫। (ক) ‘ওয়েটিং ফর গোডো’ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

(খ) শেক্সপিয়র রচিত ‘ওথেলো’ নাটকটি কোন শ্রেণিভুক্ত? সংক্ষেপে নাটকটির বিষয়বস্তু লেখো। ৫

Please Turn Over

(2210)

৬। (ক) হিন্দি সাহিত্যে 'ছায়াবাদ' বলতে কী বোঝায় সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

(খ) প্রেমচন্দ্রের যে-কোনো একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

(ক) গীতগোবিন্দ

(খ) দ্য ওয়েস্ট ল্যান্ড

(গ) সেবাসদন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'মালবিকাগ্নিমিত্রম্' কার লেখা, কোন শ্রেণির রচনা?

(খ) মুচ্ছকটিক শব্দের অর্থ কী?

(গ) 'মালতীমাধব' কার লেখা?

(ঘ) 'হর্ষচরিত' কাব্যটি কাকে অবলম্বন করে লেখা?

(ঙ) জয়দেব কোথায় জন্মগ্রহণ করেছিলেন বলে মনে করা হয়?

(চ) 'শাইলক' চরিত্রটি কার লেখা কোন নাটকে পাওয়া যায়?

(ছ) 'টু এ স্কাইলার্ক' কার লেখা?

(জ) বার্নার্ড শ রচিত দুটি নাটকের নাম লেখো।

(ঝ) কিট্‌স্ রচিত একটি ওড-এর নাম লেখো।

(ঞ) 'এ টেল অব টু সিটিজ' উপন্যাসটি কে লেখেন?

(ট) 'কুকুরমুক্তা' নামের বাংলা অর্থ কী?

(ঠ) 'জাগরণ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ড) 'মেলা আঁচল' উপন্যাসটি কোন অঞ্চলকে কেন্দ্র করে রচিত?

(ঢ) মহাদেবী বর্মা রচিত একটি কাব্যের নাম লেখো।

(ণ) প্রেমচন্দ্র রচিত দুটি ছোটগল্পের নাম লেখো।